# কীভাবে আপনার আরবান অ্যাডভানটেজ ভাউচার ব্যবহার করতে হয় -এবং- বর্তমান কোভিড সংক্রান্ত পথনির্দেশনা

## 2022-এর সেপ্টেম্বর - 2023-এর জুন

(8/22/22)

**আমরা আপনাকে কীভাবে সহায়তা করতে পারি? (ভাউচারের ধরণে ক্লিক করুন):**

1. স্টুডেন্ট +3 ভাউচার সংক্রান্ত নির্দেশনাবলী
2. UA প্রতিষ্ঠানসমূহ পরিদর্শনের জন্য কোভিড স্বাস্থ্য এবং সুরক্ষা সংক্রান্ত শর্তাবলী

## স্টুডেন্ট+3 ভাউচারসমূহ সংক্রান্ত নির্দেশনাবলী:


FREE ADMISSION

To New York City's science cultural institutions.

This voucher admits 1 student and 3 family members to

American Museum of Natural History
Bronx Zoo
Brooklyn Botanic Garden
New York Aquarium
New York Botanical Garden
New York Hall of Science
Queens Botanical Garden
Staten Island Zoo

urban advantage science initiative

Congratulations!
You are receiving this free voucher because your child is at an Urban Advantage School.

THIS MASTER VOUCHER CAN BE REUSED.

Not for School Group visits.
NO CASH VALUE - EXPIRES 6/30/23

Voucher ID Number:
XXXXXXX

School Number/Name

Teacher

If voucher is collected at time of visit, please record: Date of visit: ______ Number of Visitors: ☐1 ☐2 ☐3 ☐4

GENERAL INSTRUCTIONS FOR STUDENT +3 VOUCHERS:

1. All UA institutions, except for Queens Botanical Garden and New York Botanical Garden (Bronx), require advance timed-entry reservations. Please see instructions below, under each institution, for instructions on how to reserve your timed entry tickets.
2. Most UA institutions require that you show your tickets. Once you reserve your timed entry tickets you should receive an email with admission information.
3. Each voucher admits 4 people, you can reuse your UA voucher, and more than 4 people may be admitted at one time by reusing the voucher.
4. Voucher does not include parking at UA institutions, except at the Staten Island Zoo.
5. Consult uanyc.science/vouchers and institution website for COVID entry requirements.

1. স্টুডেন্ট +3 ভাউচার 30 জুন, 2023 তারিখ মেয়াদোত্তীর্ণ হবে।
2. কুইন্স বোটানিক্যাল গার্ডেন এবং নিউ ইয়র্ক বোটানিক্যাল গার্ডেন (ব্রংক্স) ছাড়া সকল UA প্রতিষ্ঠানে নির্দিষ্ট সময়ে প্রবেশাধিকারের জন্য অগ্রিম রিজার্ভেশন আবশ্যক। অনুগ্রহ করে নিচের নির্দেশনা দেখুন, প্রতিটি প্রতিষ্ঠানের নিচে, কীভাবে আপনার নির্দিষ্ট সময়ে প্রবেশের টিকেট রিজার্ভ করতে হবে সেটি দেয়া আছে।
3. অধিকাংশ UA প্রতিষ্ঠান আপনাকে টিকেট প্রদর্শন করা বাধ্যতামূলক করে। আপনি একবার আপনার সময় নির্ধারিত প্রবেশ টিকেট রিজার্ভ করলে আপনি প্রবেশ তথ্যসহ একটি ইমেইল পাবেন।
4. প্রতিটি ভাউচার 4 জন ব্যক্তিকে প্রবশাধিকার দেয়, এবং ভাউচার ID পুনরায় ব্যবহার করে একসাথে 4 জনের অধিক ব্যক্তি হয়ত প্রবেশ করতে পারে।
5. ভাউচারে UA প্রতিষ্ঠানগুলির পার্কিং সুবিধা অন্তর্ভুক্ত নয়, শুধুমাত্র স্ট্যাটেন আইল্যান্ড জু ছাড়া।

### আমেরিকান মিউজিয়ম অভ ন্যাচারাল হিস্টরি

সাধারণ প্রবেশ বা জেনারেল এডমিশন এবং একটি বিশেষ প্রদর্শনী বা স্পেশাল এক্সিবিশনের জন্য বৈধ। ভাউচারটি ব্যবহার করতে, (আপনার পরিদর্শনের তারিখের আগে) একটি নির্দিষ্ট সময়ে প্রবেশ রিজার্ভ করতে, AMNH সেন্ট্রাল রিজার্ভেশনের (212) 769-5200 নম্বরে আগে থেকেই ফোন করুন। এই ফোনালাপের সময় আপনাকে আপনার ভাউচার আইডি (ID) নম্বর দিতে হবে। বাতিল করতে, আপনাকে পরিদর্শনের আগের দিন বিকাল 5 pm -এর মধ্যে (212) 769-5200 নম্বরে ফোন করতে হবে।

**উপরে উল্লিখিত যেকোনো প্রতিষ্ঠান পরিদর্শনের জন্য কীভাবে আপনার ভাউচার ব্যবহার করতে হবে সেবিষয়ে আরো তথ্য এবং হালনাগাদকৃত তথ্য জানতে** https://www.urbanadvantagenyc.org/visit-ua-institutions/ **দেখুন।**

urban advantage
science initiative

## ব্রংক্স জু
একজনের সবকিছু-অন্তর্ভুক্ত ব্রংক্স জু-তে প্রবেশের জন্য বৈধ, যা অগণিত প্রবেশাধিকার দেবে বিভিন্ন আকর্ষণসমূহে, চিড়িয়াখানার অভ্যন্তরে শাটল্-এ, এবং সকল অর্থ-পরিশোধ যোগ্য প্রদর্শনীসমূহে: জাঙ্গল ওয়ার্ল্ড (সারা বছর), ওয়াইল্ড এশিয়া মোনোরেল (মার্চ-অক্টোবর), বাটারফ্লাই গার্ডেন (এপ্রিল-অক্টোবর), এবং কঙ্গো গরিলা ফরেস্ট (এপ্রিল-ডিসেম্বর)। পার্কিং অন্তর্ভুক্ত নয়। এই ভাউচার ব্যবহার করতে, আপনার প্রবেশের তারিখ এবং সময় রিজার্ভ করার জন্য আপনার ওয়েব ব্রাউজারে wcs.education/ua-store কপি - পেস্ট করুন। অনলাইনে আপনার টিকেট রিজার্ভ করার সময় আপনার **ভাউচার আইডি (ID) নম্বর** এবং স্কুলের নাম প্রদান করা প্রয়োজন হবে। একবার অনলাইনে রিজার্ভ হয়ে গেলে, আপনি ইমেইলে আপনার টিকেট পাবেন, যা আপনি আপনার রিজার্ভকৃত তারিখ এবং সময়ে অ্যাডমিশন বুথে আপনার মোবাইল ডিভাইস থেকে দেখাবেন।

## ব্রুকলিন বোটানিক গার্ডেন
সাধারণ প্রবেশ বা জেনারেল অ্যাডমিশনের জন্য বৈধ। 14 বছরের কম বয়সী ছেলে-মেয়েদের সাথে অবশ্যই 18 বছর বা এরচেয়ে বেশি বয়সী কাউকে থাকতে হবে। টিকেট আবশ্যক; দ্রুত প্রবেশ নিশ্চিতের জন্য আগে থেকে রিজার্ভ করুন। https://www.bbg.org/visit দেখুন, অতঃপর "Get Tickets” -এ এবং এরপর "Not a Member, Buy Tickets" -এ ক্লিক করুন (কোনো অর্থ নেয়া হবে না)। তারিখ নির্ধারণ করে "'Reserve Tickets" মেন্যুতে "Affiliated Organization Tickets" বেছে নিন। “Checkout”-এ যান। QR কোডসহ আপনি একটি নিশ্চিতকরণ বা কনফার্মেশন ইমেইল পাবেন যা উপস্থিত হবার পর আপনাকে দেখাতে হবে। আপনাকে আবশ্যই প্রবেশ কর্মীদের দেখানোর জন্য আপনার UA "স্টুডেন্ট + 3" ভাউচার (কাগজের অথবা ডিজিট্যাল কপি) সাথে আনতে হবে।

## নিউ ইয়র্ক অ্যাকুয়ারিয়াম
নিউ ইয়র্ক অ্যাকুরিয়ামের জন্য বৈধ, যাতে সকল প্রদর্শনীতে প্রবেশ এবং 4-D থিয়েটারে একবার প্রবেশ অন্তর্ভুক্ত। পার্কিং অন্তর্ভুক্ত নয়। এই ভাউচার ব্যবহার করতে, আপনার প্রবেশের তারিখ এবং সময় রিজার্ভ করার জন্য আপনার ওয়েব ব্রাউজারে wcs.education/ua-store কপি - পেস্ট করুন। অনলাইনে আপনার টিকেট রিজার্ভ করার সময় আপনার **ভাউচার আইডি (ID) নম্বর** এবং স্কুলের নাম প্রদান করা প্রয়োজন হবে। একবার অনলাইনে রিজার্ভ হয়ে গেলে, আপনি ইমেইলে আপনার টিকেট পাবেন, যা আপনি আপনার রিজার্ভকৃত তারিখ এবং সময়ে অ্যাডমিশন বুথে আপনার মোবাইল ডিভাইস থেকে দেখাবেন।

## নিউ ইয়র্ক বোটানিক্যাল গার্ডেন
দিবাকালীন *অল-গার্ডেন পাস্*-এর জন্য বৈধ। হলিডে ট্রেন শো, অর্কিড শো, এবং অন্যান্য বিশেষ প্রদর্শনীতে প্রবেশ, লভ্যতার উপর নির্ভর করবে। পার্কিং অন্তর্ভুক্ত নয়। এই ভাউচারটি ব্যবহার করতে, NYBG পরিদর্শন করুন এবং টিকেট বুথের ভিজিটর সার্ভিস প্রতিনিধির কাছে আপনার UA "স্টুডেন্ট + 3" ভাউচার (কাগজের অথবা ডিজিট্যাল কপি) উপস্থাপন করুন।

## নিউ ইয়র্ক হল অভ সায়েন্স
সাধারণ প্রবেশ বা জেনারেল অ্যাডমিশনের জন্য বৈধ। পার্কিং অন্তর্ভুক্ত নয়। এই ভাউচার ব্যবহার করতে, আপনার প্রবেশের তারিখ এবং সময় রিজার্ভ করার জন্য nysci.org/specialty-museum-access-programs দেখুন। অনলাইনে আপনার টিকেট রিজার্ভ করার সময় আপনার **ভাউচার আইডি (ID) নম্বর** প্রদান করতে হবে। একবার অনলাইনে রিজার্ভ হয়ে গেলে, আপনি ইমেইলে আপনার টিকেট পাবেন, যা আপনি আপনার রিজার্ভকৃত তারিখ এবং সময়ে অ্যাডমিশন বুথে আপনার মোবাইল ডিভাইস থেকে দেখাবেন। আমাদের সময়সূচীর জন্য আমাদের ওয়েবসাইট: https://nysci.org/visit দেখুন।

**উপরে উল্লিখিত যেকোনো প্রতিষ্ঠান পরিদর্শনের জন্য কীভাবে আপনার ভাউচার ব্যবহার করতে হবে সেবিষয়ে আরো তথ্য এবং হালনাগাদকৃত তথ্য জানতে** https://www.urbanadvantagenyc.org/visit-ua-institutions/ **দেখুন।**

**কুইন্স বোটানিক্যাল গার্ডেন**

কুইন্স বোটানিক্যাল গার্ডেনে সাধারণ প্রবেশ বা জেনারেল অ্যাডমিশনের জন্য ভাউচারগুলি বৈধ। আপনি বিনামূল্যে প্রবেশের জন্য প্রধান প্রবেশপথে অথবা পার্কিং বুথে আপনার মোবাইল ডিভাইসে অথবা কাগজে মুদ্রিত আপনার "স্টুডেন্ট + 3" ভাউচারটি দেখাতে পারেন। লক্ষ্য রাখবেন যে আপনার ভাউচারে পার্কিং ফি অন্তর্ভুক্ত নয়। আমাদের কার্যক্রমের ক্যালেন্ডার দেখতে অনুগ্রহ করে www.queensbotanical.org দেখুন!

- **কুইন্স বোটানিক্যাল গার্ডেন খোলা থাকে:**
  - এপ্রিল - অক্টোবর: মঙ্গলবার থেকে রবিবার, 8am থেকে 6pm
  - নভেম্বর - মার্চ: মঙ্গলবার থেকে রবিবার, 8am থেকে 4:30pm
    - বছরজুড়ে প্রতি সোমবারে বন্ধ, এর ব্যতিক্রম আইনী ছুটির দিনগুলি। থ্যাংক্সগিভিং, ক্রিস্টমাস এবং নিউ ইয়ার্স ডে-তে বন্ধ থাকে।

**স্ট্যাটেন আইল্যান্ড জু**

আপনার UA ভাউচার ব্যবহার করতে, অনুগ্রহ করে http://www.statenislandzoo.org/tickets/ দেখুন। ভাউচার সকল প্রদর্শনীতে প্রবেশের জন্য বৈধ।

ভাউচার ব্যবহার সংক্রান্ত নির্দেশনাবলী:

- "Urban Advantage Admissions Tickets" বাটনে ক্লিক করুন।
- কতজন অতিথি আসছে সেটি “Urban Advantage Tickets Covered By Voucher (Max 4)” নামক ড্রপ ডাউন থেকে বেছে নিন।
  - একই ভাউচার নম্বর ব্যবহার করে অন্য রিজার্ভেশনে বাড়তি অতিথি আনা যাবে।
- আপনি চেকআউট করার আগে আপনার ভাউচার ID নম্বর, শিক্ষকের নাম এবং স্কুলের নাম জিজ্ঞেস করা হবে।
  - অ্যাডমিশন গেটে উপস্থিত হবার পর, আপনাকে অবশ্যই আপনার UA "স্টুডেন্ট + 3" ভাউচার (হয় কাগজের অথবা ডিজিট্যাল কপি) দেখাতে হবে। ফ্রি পার্কিং সুবিধা রয়েছে।
- এছাড়াও, UA "স্টুডেন্ট + 3" ভাউচারটি একজন চিড়িয়াখানার শিক্ষাবিদ এবং আপনার পছন্দের প্রাণীর সাথে সরাসরি সম্প্রচারে, সম্পৃক্ততামূলক 15-মিনিটের “ভার্চ্যুয়াল অ্যানিম্যাল ড্রপ-ইন”-এ ব্যবহার করা যেতে পারে। কমপক্ষে 5 দিন আগে http://www.statenislandzoo.org/virtual-zoo/ সাইটে অগ্রিম রিজার্ভেশন বাধ্যতামূলক।
  - ভার্চ্যুয়াল অ্যানিম্যাল ড্রপ-ইন-এর জন্য যদি আপনার UA ভাউচার ব্যবহার করেন, তবে চেকআউটের সময় আপনার ডিসকাউন্ট প্রয়োগ করতে ডিসকাউন্ট কোড “UAS+3” (ইংরেজি বড় বা ছোট অক্ষর-সুনির্দিষ্ট) ব্যবহার করুন। আপনাকে ভাউচার ID নম্বর প্রদানের জন্য নির্দেশনা দেয়া হবে।

**উপরে উল্লিখিত যেকোনো প্রতিষ্ঠান পরিদর্শনের জন্য কীভাবে আপনার ভাউচার ব্যবহার করতে হবে সেবিষয়ে আরো তথ্য এবং হালনাগাদকৃত তথ্য জানতে** https://www.urbanadvantagenyc.org/visit-ua-institutions/ **দেখুন।**

# UA অংশীদার প্রতিষ্ঠানগুলো পরিদর্শনের জন্য COVID সংক্রান্ত স্বাস্থ্য এবং সুরক্ষার শর্তাবলী

### আমেরিকান মিউজিয়ম অভ ন্যাচারাল হিস্টরি COVID-19 চলাকালে স্বাস্থ্য এবং সুরক্ষা

(আরও তথ্যের জন্য অনুগ্রহ করে https://www.amnh.org/plan-your-visit/covid-19-visitors-staff দেখুন)
দর্শনার্থী এবং স্টাফদের জন্য মাস্ক সুপারিশকৃত।

### ব্রংক্স জু: COVID-19 চলাকালে স্বাস্থ্য এবং সুরক্ষা

(আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে https://bronxzoo.com/plan-your-visit/know-before-you-go দেখুন)

**আপনার পরিদর্শনের জন্য মাস্ক এবং হালনাগাদকৃত টিকা গ্রহণ বা ভ্যাকসিনেশন সুপারিশকৃত। দর্শনার্থী এবং কর্মীগণ বিবিধ কারণে মাস্ক পড়তে পারেন, অতএব অনুগ্রহ করে অন্যদের প্রতি সদয় ও বিবেচক হোন।**

**স্কুল ক্লাসের ট্রিপ এবং কমিউনিটি ট্রিপে মাস্ক পরিধান সুপারিশকৃত।**

- শ্যাপেরন-এর আনুপাতিক হার সবসময় বজায় রাখতে হবে - শিক্ষার্থী গ্রুপগুলোতে প্রতি 10 জন্য অপ্রাপ্ত-বয়স্কের সাথে একজন (1) প্রাপ্ত-বয়স্ক শ্যাপেরন আবশ্যক এবং শ্যাপেরনদের অবশ্যই সবসময় গ্রুপের সাথে থাকতে হবে।

### ব্রুকলিন বোটানিক গার্ডেন: COVID-19 চলাকালে স্বাস্থ্য এবং সুরক্ষা

ব্রুকলিন বোটানিক গার্ডেন CDC, NY স্টেট, এবং NY সিটির নির্দেশাবলী অনুসরণ করছে। যেহেতু এগুলো পরিবর্তিত হতে পারে, সেহেতু আমরা আপনাকে সর্বশেষ হালনাগাদকৃত তথ্যের জন্য আমাদের ওয়েবসাইট দেখতে উৎসাহিত করছি। আপনি আপনার প্রশ্নাবলী schoolprograms@bbg.org ঠিকানায় ইমেইল করতে পারেন।
প্রত্যেকের সুরক্ষার জন্য, কোনো দর্শনার্থী স্বাস্থ্য এবং সুরক্ষার নির্দেশাবলী মানতে অস্বীকার করলে, গার্ডেন তাদের প্রবেশাধিকার প্রত্যাখ্যান অথবা বাতিল করার অধিকার রাখে। অন্যদের প্রতি সহানুভূতিশীল হওয়ার জন্য ধন্যবাদ।

### নিউ ইয়র্ক অ্যাকুরিয়াম: COVID-19 চলাকালে স্বাস্থ্য এবং সুরক্ষা

(আরও তথ্যের জন্য অনুগ্রহ করে https://nyaquarium.com/plan-your-visit/know-before-you-go দেখুন)

**আপনার পরিদর্শনের জন্য মাস্ক এবং হালনাগাদকৃত টিকা গ্রহণ বা ভ্যাকসিনেশন সুপারিশকৃত। দর্শনার্থী এবং কর্মীগণ বিবিধ কারণে মাস্ক পড়তে পারেন, অতএব অনুগ্রহ করে অন্যদের প্রতি সদয় ও বিবেচক হোন।**

**স্কুল ক্লাসের ট্রিপ এবং কমিউনিটি ট্রিপে মাস্ক পরিধান সুপারিশকৃত।**

- শ্যাপেরন-এর আনুপাতিক হার সবসময় বজায় রাখতে হবে - শিক্ষার্থী গ্রুপগুলোতে প্রতি 10 জন্য অপ্রাপ্ত-বয়স্কের সাথে একজন (1) প্রাপ্ত-বয়স্ক শ্যাপেরন আবশ্যক এবং শ্যাপেরনদের অবশ্যই সবসময় গ্রুপের সাথে থাকতে হবে।

### নিউ ইয়র্ক বোটানিক্যাল গার্ডেন COVID-19 চলাকালে স্বাস্থ্য এবং সুরক্ষা

**7 মার্চ, 2022 থেকে কার্যকর:** CDC, স্টেট, এবং স্থানীয় নির্দেশনাবলী অনুযায়ী, NYBG-তে পরিদর্শনের জন্য দর্শনার্থীদের এখন আর টিকা গ্রহণ বা ভ্যাকসিনেশনের প্রমান প্রদর্শন এবং নাক-মুখের আবরণসমূহ (মাস্ক) পরিধান আবশ্যক নয়। অনুগ্রহ করে স্মরণ রাখবেন যে অনেক কর্মী এবং দর্শনার্থী বিবিধ কারণে মাস্ক পড়তে পারেন। আপনি যদি অসুস্থ হোন অথবা উপসর্গ থাকে, তবে আমরা আপনাকে অন্য একদিন পরিদর্শন করতে অনুরোধ করছি। অন্যদের প্রতি আপনার সহানুভুতি এবং বিবেচনার জন্য অত্যন্ত কৃতজ্ঞতা পোষণ করা হচ্ছে।

**উপরে উল্লিখিত যেকোনো প্রতিষ্ঠান পরিদর্শনের জন্য কীভাবে আপনার ভাউচার ব্যবহার করতে হবে সেবিষয়ে আরো তথ্য এবং হালনাগাদকৃত তথ্য জানতে** https://www.urbanadvantagenyc.org/visit-ua-institutions/ **দেখুন।**

## নিউ ইয়র্ক হল অভ সায়েন্স: COVID-19 চলাকালে স্বাস্থ্য এবং সুরক্ষা

(আরও তথ্যের জন্য অনুগ্রহ করে https://nysci.org/visit#visitors_policies_section দেখুন)

NYSCI-তে দর্শনার্থীদের জন্য কোনো টিকা গ্রহণ বা ভ্যাকসিনেশন বা মাস্ক পরিধানের আবশ্যকতা নেই।

## কুইন্স বোটানিক্যাল গার্ডেন: COVID-19 চলাকালে স্বাস্থ্য এবং সুরক্ষা

সর্বসাম্প্রতিক তথ্যের জন্য অনুগ্রহ করে https://queensbotanical.org/know-before-you-go/ দেখুন
কুইন্স বোটানিক্যাল গার্ডেনের প্রদর্শনীর অধিকাংশটাই বাহির অবস্থিত। দর্শনার্থী এবং স্টাফদের জন্য এই মুহূর্তে বাহিরে মাস্ক পরিধান আবশ্যক নয় কিন্তু তা করার জন্য তাদের উৎসাহিত করা হয়।

আমাদের অভ্যন্তরীণ স্থানসমূহে সকল দর্শনার্থীর জন্য মাস্ক পরিধান বর্তমানে আবশ্যক। আমাদের অভ্যন্তরীণ স্থানগুলির মধ্যে রয়েছে: ক্লাসরুম, QBG স্টোর, এবং দর্শনার্থী এবং প্রশাসন ভবন গ্যালারি।

দীর্ঘ সময়ের (15 মিনিটের অধিক সময়) জন্য যেসব ব্যক্তি আমাদের ভবনে প্রবেশ করার পরিকল্পনা করেন, তাদের উপস্থিত হবার আগে স্ব-মূল্যায়ন করা উচিত। নিচের প্রশ্নগুলির কোনটির উত্তর যদি "হ্যাঁ," হয়, দর্শনার্থীর বাড়িতে থাকা উচিত:

- আমার কি গত 48 ঘণ্টায় কোভিড-19 (COVID-19)-এর নতুন অথবা অবনতি হচ্ছে এমন কোনও উপসর্গ হয়েছে?
- যদি টিকা বা ভ্যাকসিন না দেয়া হয়ে থাকে, তবে আমি কি কোনো ব্যক্তির কাছাকাছি গিয়েছি (গত 24 ঘণ্টায় কমপক্ষে 10 মিনিটের জন্য) অথবা গত 10 দিনের মাঝে এমন কোন ব্যক্তির কাছাকাছি (স্বাস্থ্য কর্তৃপক্ষ কর্তৃক যেমনটি নির্ধারিত) এসেছি যার কোভিড টেস্টে নিশ্চিতভাবে পজিটিভ এসেছে অথবা উপসর্গের ভিত্তিতে COVID-19 হয়েছে বলে সন্দেহে করা হচ্ছে?
- বিগত 10 দিনের মধ্যে আমার COVID-19 সংক্রমণের পরীক্ষা পজিটিভ এসেছে কি?

## স্ট্যাটেন আইল্যান্ড জু COVID-19 চলাকালে স্বাস্থ্য এবং সুরক্ষা

(আরও তথ্যের জন্য অনুগ্রহ করে http://www.statenislandzoo.org/what-to-expect/ দেখুন)

**টিকা বা ভ্যাকসিনেশনসমূহ**
স্ট্যাটেন আইল্যান্ড জু-তে প্রবেশের জন্য দর্শনার্থীদের টিকা গ্রহণ বা ভ্যাকসিনেশনের প্রমাণ দেখানো আবশ্যক নয়।

**মাস্ক (নাক-মুখের আবরণ):**
যদিও মাস্ক পরিধান আবশ্যক নয়, দর্শনার্থী এবং কর্মীগণ বিবিধ কারণে মাস্ক পড়তে পারেন; অনুগ্রহ করে অন্যদের প্রতি সদয় ও বিবেচক হোন।

NYC-র সর্ববৃহৎ ক্ষুদ্র চিড়িয়াখানায়, আমরা আমাদের চিড়িয়াখানার পৃষ্ঠপোষকদের একটি নিরাপদ, ফলপ্রসূ, এবং আনন্দময় অভিজ্ঞতা প্রদানের লক্ষ্যে 100% প্রতিশ্রুতিবদ্ধ। আপনি যদি অসুস্থ, উপসর্গযুক্ত, অথবা কোভিড-19 (COVID-19)-এ সংক্রামিত কারো কাছাকাছি এসেছেন বলে সন্দেহ করেন, তবে আমরা আপনাকে অন্য একদিন পরিদর্শনের জন্য সময়সূচি করতে অনুরোধ করছি। অন্যদের প্রতি আপনার সহানুভূতি এবং বিবেচনার জন্য অত্যন্ত কৃতজ্ঞতা পোষণ করা হচ্ছে।

আমরা আপনার পরিদর্শনের প্রত্যাশায় আছি!

**উপরে উল্লিখিত যেকোনো প্রতিষ্ঠান পরিদর্শনের জন্য কীভাবে আপনার ভাউচার ব্যবহার করতে হবে সেবিষয়ে আরো তথ্য এবং হালনাগাদকৃত তথ্য জানতে** https://www.urbanadvantagenyc.org/visit-ua-institutions/ **দেখুন।**